



## জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগে নতুন ল্যাবের উদ্বোধন



৮ ফেব্রুয়ারি ২০২১-সোমবার জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বায়োইনফরমেটিক্স, প্র্যাকটিক্যাল এবং মলিকুলার এন্ড এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি ল্যাবের শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. দিলারা ইসলাম শরীফ, রেজিস্ট্রার, প্রক্টর, পরিচালক (অর্থ ও হিসাব) সহ বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অর্থায়নে ল্যাবরেটরি তৈরি হয়। এতে করে শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ জীববিজ্ঞানের সকল শাখায় গবেষণাকার্যে আরো অগ্রগামী হবে।